



## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ২০ মার্চ, ২০১৮

### প্রেস বিজ্ঞপ্তি

আজ ২০ মার্চ, ২০১৮ তারিখ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ Institutional Quality Assurance Cell (IQAC) এর আয়োজনে সকাল ১০টায় “Workshop on Post Self Assessment Improvement Plan” শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, বিশ্ববিদ্যালয়ের অগ্রযাত্রাকে সময়পোষোগী ও ত্বরান্বিত করতে Workshop on Post Self Assessment Improvement Plan শীর্ষক কর্মশালা অনন্য ভূমিকা রাখবে। এই বিশ্ববিদ্যালয়ের অগ্রযাত্রাকে সামনে এগিয়ে নিতে ইতোমধ্যে সল্‌পমেয়াদী, মধ্যমেয়াদী ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা করা হয়েছে। পরিকল্পনা গুলো শিক্ষা, গবেষণা, গবেষণাগার ও অবকাঠামোগত। পরিকল্পনা গুলো বাস্তবায়নের জন্য সকলের সহযোগিতা প্রয়োজন।

আইকিউএসির পরিচালক প্রফেসর ড. আবদুল আউয়াল বিশ্বাসের সভাপতিত্বে রিসোর্চ পারসন হিসেবে বক্তব্য রাখেন প্রফেসর সৈয়দ হাসানুজ্জামান। অনুষ্ঠান সঞ্চালনা করেন আইকিউএসির কো-অর্ডিনেটর প্রফেসর ড. মো. আশরাফুল আলম।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)  
রেজিস্ট্রার